

## চীনা পর্যটক আকর্ষণ দ্বিগুণ করতে চায় ইন্দোনেশিয়া

- A Monitor Desk Report

Date: 21 March, 2024



**জাকার্তা:** চলতি বছর চীনের ১৫ লাখ পর্যটককে আতিথেয়তা দিতে চায় ইন্দোনেশিয়া, যা গত বছরের তুলনায় প্রায় দ্বিগুণ।

সম্প্রতি এ ঘোষণা দিয়েছে দেশটির পর্যটন মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের ইন্ট এশিয়ান টুরিজম মার্কেটিংয়ের প্রধান আদীলা শেরম্যান বলেন, 'ইন্দোনেশিয়ায় আন্তর্জাতিক ফ্লাইটগুলো পর্যটক বাড়াতে প্রধান ভূমিকা রাখবে।

সম্প্রতি চীন ও ম্যাকাও থেকে সরাসরি ফ্লাইট পুনরায় চালু হয়েছে। এটিও চীনা পর্যটক বাড়াতে সাহায্য করবে।' চীনের ১২টি এয়ারলাইনস ইন্দোনেশিয়ার সঙ্গে সরাসরি ফ্লাইট পুনরায় চালু করেছে। এর মধ্যে রয়েছে চায়না ইস্টার্ন এয়ারলাইনস, চায়না সাউদার্ন এয়ারলাইনস, জুনিয়াও এয়ারলাইনস, জিয়ামেন এয়ারলাইনস ও এয়ার ম্যাকাও। এ ফ্লাইটগুলো চীন থেকে ১০ লাখেরও বেশি পর্যটক ও দর্শনার্থীকে ইন্দোনেশিয়ার বিভিন্ন শহরে নিয়ে আসবে বলে আশা করছে পর্যটন মন্ত্রণালয়।

চীনা পর্যটক আকৃষ্ট করতে দেশটির শীর্ষ পর্যটন কেন্দ্রগুলোর প্রচারণাকে অগ্রাধিকার দিচ্ছে ইন্দোনেশিয়া। এর মধ্যে রয়েছে লাবুয়ান বাজো, বোরোবুদুর মন্দির, লেক টোবা, মন্ডলিকা ও লিকুপাং। পাশাপাশি আগামী মাসে ম্যাকাও ইন্টারন্যাশনাল ট্রাভেল এক্সপোয় ইন্দোনেশিয়ার একটি প্রচারমূলক বুথ থাকবে।

পর্যটন বিভাগের কর্মকর্তারা ট্রাভেল এজেন্টদের কাছে পর্যটন প্রচারের জন্য চীন সফর করবেন বলেও জানিয়েছে পর্যটন মন্ত্রণালয়। ইন্দোনেশিয়ার বিদেশী পর্যটকদের সবচেয়ে বড় উৎস চীন। কতিভ বিধিনিষেধ উঠে যাওয়ার পর ২০২৩ সাল থেকে আবারো ফিরতে শুরু করেছে দেশটির ভ্রমণপিপাসুরা।

সরকারি পরিসংখ্যান বলছে, ২০২৩ সালে রেকর্ড ৭ লাখ ৮৮ হাজার চীনা পর্যটক ইন্দোনেশিয়া ভ্রমণ করেছে।

